



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd




স্মারক নং-৩৭.০২.০০০০.১০৪.৯৯.০৫৩.২০১৬-১১০

তারিখ: ২২/০১/২০২৪ খ্রি.

বিষয়: আর্থিক ক্ষমতা প্রদানের বিষয়টি বিধি মোতাবেক নিষ্পত্তি এবং অভিযোগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে জ্যেষ্ঠতা সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ, মুজিবনগর, মেহেরপুর-এর অধ্যক্ষ প্রফেসর খন্দকার কামাল হাসান (আইডি-৫৬১০) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক পদায়নজনিত কারণে ১৪-১১-২০২৩ তারিখে কলেজের দায়িত্বভার হিসাববিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মো: জামাল উদ্দীন (আইডি-২৫১১৮)-এর নিকট হস্তান্তর করেন। সে মোতাবেক জনাব মো: জামাল উদ্দীন (আইডি-২৫১১৮) কলেজের কার্যাদি পরিচালনার লক্ষ্যে আর্থিক ক্ষমতা প্রদানের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে আবেদন করেন। আবেদনের সাথে প্রেরিত শিক্ষক তালিকা অনুযায়ী জ্যেষ্ঠ বিবেচনায় জনাব মো: জামাল উদ্দীন (আইডি-২৫১১৮)-কে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ২৩-১১-২০২৩ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০২.২০.৩০৩৯২ সংখ্যক স্মারকাদেশ মোতাবেক আর্থিক ক্ষমতা প্রদান করা হয়। অপরদিকে কলেজের প্রাণিবিদ্যা বিষয়ের প্রভাষক জনাব মো: রেজাউল হক (আইডি-২৫১১২) জ্যেষ্ঠতা লঙ্ঘন করে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব গ্রহণ/প্রদান সম্পন্ন করা হয়েছে মর্মে আবেদন করেন। আবেদনে জনাব মো: রেজাউল হক (আইডি-২৫১১২) নিজেকে জ্যেষ্ঠ শিক্ষক দাবী করেন এবং কলেজ কর্তৃক জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রেরিত শিক্ষক তালিকা হতে তার নাম বাদ দেয়া হয়েছে মর্মে অভিযোগ করেন।

এমতাবস্থায়, মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ, মুজিবনগর, মেহেরপুর-এর আর্থিক ক্ষমতা প্রদানের বিষয়টি বিধি মোতাবেক নিষ্পত্তি এবং অভিযোগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে তথ্যাদি যাচাইয়ের লক্ষ্যে সংশ্লিষ্ট ০২ জন শিক্ষক-কে (জনাব মো: জামাল উদ্দীন ও জনাব মো: রেজাউল হক) জ্যেষ্ঠতার স্বপক্ষে প্রমাণিক সকল তথ্যসহ ২৪-০১-২০২৪ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে উপপরিচালক, কলেজ-১-এর কক্ষে (কক্ষ নং-৪০৭) উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


22.01.2024

(মোঃ তানভীর হাসান-১৮৩৮৯)
সহকারী পরিচালক (কলেজ-২)
ফোন: ৪১০৫০৬২৪

- ১। জনাব মো: জামাল উদ্দীন (আইডি-২৫১১৮)
প্রভাষক (হিসাববিজ্ঞান)
মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ, মুজিবনগর, মেহেরপুর।
- ২। জনাব মো: রেজাউল হক (আইডি-২৫১১২)
প্রভাষক (প্রাণিবিদ্যা)
মুজিবনগর সরকারি ডিগ্রী কলেজ, মুজিবনগর, মেহেরপুর।

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা;
- ৪) উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৬) সংরক্ষণ নথি।